

## 135906 - চাচা ও ফুফুর মিরাহ্

### প্রশ্ন

পরিত্যক্ত সম্পত্তিতে চাচা ও ফুফুর অংশ কতটুকু?

### প্রিয় উত্তর

চাচা হচ্ছেন আসাবা (নির্দিষ্ট অংশভোগীগণ নেয়ার পর উদ্ধৃত থাকলে যারা সম্পদ পায়) শ্রেণীয়। অংশভোগীগণ নেয়ার পরে যদি কিছু উদ্ধৃত থাকে এবং তিনি যদি অন্য কোন ওয়ারিশ দ্বারা বঞ্চিত শ্রেণীর কেউ না হন তাহলে তিনি অবশিষ্ট সবটুকু সম্পত্তি গ্রহণ করবেন। আর যদি তিনি ছাড়া তার চেয়ে ঘনিষ্ঠ আর কোন উত্তরাধিকারী না থাকে তাহলে তিনি সম্পূর্ণ সম্পত্তিই গ্রহণ করবেন।

মৃতব্যক্তির ছেলে, ছেলের ছেলে, পিতা, দাদা, সহোদর ভাই, সহোদর ভতিজা, বৈমাত্রেয় ভাই, বৈমাত্রেয় ভতিজার উপস্থিতিতে চাচা বঞ্চিত হবেন।

যদি কোন লোক মারা যায় এবং এক স্ত্রী, এক মেয়ে ও চাচাকে রেখে যান: তাহলে স্ত্রী পাবে এক অষ্টমাংশ, মেয়ে পাবেন অর্ধেক এবং বাকীটুকু পাবেন চাচা। আর যদি মৃতব্যক্তি এক স্ত্রী, এক ছেলে ও এক চাচা রেখে মারা যান তাহলে স্ত্রী পাবেন এক অষ্টমাংশ, বাকীটুকু ছেলে পাবে। চাচা কিছুই পাবে না। কেননা ছেলে থাকলে চাচা বঞ্চিত।

আর ফুফু হচ্ছেন রক্ত বা জরায়ু সম্পর্কের আত্মীয়। এ ধরনের আত্মীয়গণ মিরাহ্ পাবে কিনা সেটা নিয়ে মতভেদ আছে। অগ্রগণ্য মতানুযায়ী যদি নির্দিষ্ট অংশভোগী ও আসাবা শ্রেণীর কোন ওয়ারিশ না থাকে তাহলে তারা মিরাহ্ পাবেন।

তাই যদি কোন লোক কেবল একজন ফুফু রেখে মারা যায় তাহলে ফুফু সমস্ত পরিত্যক্ত সম্পত্তি পাবেন। আর যদি লোকটি একজন স্ত্রী, একজন মেয়ে ও একজন ফুফু রেখে মারা যায় তাহলে স্ত্রী পাবে এক অষ্টমাংশ, মেয়ে পাবে অর্ধেক। নির্দিষ্ট অংশভোগী থাকার কারণে ফুফু কোন কিছু পাবে না। বাকী সম্পত্তি কেবল মেয়েকে দেয়া হবে।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।